

বাড়ছে

স্বীকার করেছেন যে বিজ্ঞাপন দেয়া হলেও প্রি-ক্যাডেট স্কুলগুলো ক্যাডেট ভর্তির নিশ্চয়তা দিতে পারে না এবং দেয়া সম্ভবও নয়। তবে এসব স্কুল থেকে ২৫ ভাগ ছাত্র ক্যাডেটে চান্স

পায় বলে তিনি উল্লেখ করেছেন তিনি আরো জানান, অনেক অভিভাবক ছেলেকে ক্যাডেটে পাঠাতে চায়—এই দুর্বলতাকে পূর্জি করে বহু কিডার গার্টেন রাতারাতি নিজেদের প্রি ক্যাডেট স্কুল হিসেবে ঘোষণা করে বাজারে

দুনিয়ম কড়াচ্ছে। এতে ভালো স্কুলগুলোরও সংখ্যা নষ্ট হচ্ছে। প্রসিদ্ধ মহানগরীতে প্রি ক্যাডেট স্কুলও রয়েছে প্রায় ২৫টি। ইংরেজী শেখানোর ব্যাপারটা কতটুকু সত্যি—সম্পর্কে জনতে চাইলে তিনি বলেন যে রাতারাতি বহু কিডার গার্টেন পূর্জিয়ে ওঠায় এবং ব্যবসায়িক ভিত্তিতে এগুলো পরিচালিত হওয়া এখন আর বলার উপায় নেই যে সব স্কুলেই ভালো ইংরেজী শেখানো হয়। তবে কিছু স্কুলে ছেলে মেয়েরা ভালো ইংরেজী শেখে। একথা অস্বীকার করার উপায় নেই।

এসব স্কুলে ছেলে মেয়েবা কেন আসে তার জবাবে আরেকজন প্রি-ক্যাডেট স্কুল পরিচালক জানান যে মহানগরীতে বিভিন্ন স্কুলে সীট সংকট, ছাত্র ছাত্রীর সংখ্যাধিক্য ভালো পড়াশনার নিশ্চয়তা ও উন্নত পরিবেশের আশায়ই অভিভাবকরা

তাদের ছেলে মেয়েদের এসব স্কুলে দেন। কয়েকটি কিডার গার্টেন ও প্রি ক্যাডেট স্কুলে খোঁজ নিয়ে ও বিভিন্ন অভিভাবকের সঙ্গে আলোচনা করে দেখা গেছে অধিকাংশ স্কুলেই পড়াশনার মান উন্নত নয়, প্রাইভেট টিউটর ছাড়া চল না। স্কুলের পরিবেশও স্বাস্থ্যকর নয়। তবে এসব স্কুলের ভাড়া এবং চাকচিক্য আছে অনেক।

এসব স্কুলে যারা পড়ে তাদের সবচেয়ে বড়ো অসুবিধা হচ্ছে তাদের এসএসসি পরীক্ষার্থী পাঠানোর অনুমতি নেই বলে ছাত্র ছাত্রীদের অন্য স্কুল থেকে পরীক্ষা দেয়াতে হয়। অনেকে আবার স্কুল বদলাতে গিয়ে ভর্তির ব্যয়ভাড়া পড়ে। যেসব শিক্ষক এসব স্কুলে পড়ান তাদের অনেকের অভিযোগ তাদের বেতন দেয়া হয় খুব কম।

অন্য স্কুলের পরিচালক তার লাভের অংক ঠিকই করে তুলছেন বিভিন্ন কার্যদায়। ছাত্রদের আর্থিক ব্যবস্থার অন্যান্য কার্যদায় বলে তারা উল্লেখ করেছেন।

শিক্ষালান্ডেব প্রাইভেট ব্যবস্থা সম্পর্কে বিভিন্ন অভিভাবকের অভিমত—ব্যবসায়িগণ গলাকাটা হলেও বাধা হয়েই অনেকে এসব স্কুলে ছেলে মেয়ে পাঠাচ্ছে।

তারা নসী কবছেন ভাল সংখ্যার অনুপাতে মহানগরীতে স্কুলের সংখ্যা বাড়ানো হোক, বেসরকারী স্কুলগুলোতে শিক্ষার মান বৃদ্ধির জন্য কার্যকরী ব্যবস্থা নেয়া হোক।

তাদের আরো দাবী এসব স্কুলে শিক্ষার মান নিশ্চিত করার জন্য কিডার গার্টেন ও প্রি ক্যাডেট স্কুল সম্পর্কে অবিলম্বে সরকারী একটি সমিতি ও নীতিমালা প্রণয়ন করুন।